দৈনিক ইত্তেফাক

তারিখ ... 16 MAR 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# গার্হস্থ্য অর্থনীতি কলেজ ছাত্রীদের তৃতীয় দিনের মতো সড়ক অবরোধ

## কর্তৃপক্ষ অত্যন্ত বিরক্ত : অধ্যক্ষ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ইনস্টিটিউট করার দাবিতে গার্হস্থ্য অর্থনীতি কলেজের শিক্ষার্থীরা গতকাল বুধবার টানা তৃতীয় দিনের মতো সড়ক অবরোধ করেছে। আজ বৃহস্পতিবার নীলক্ষেত মোড় অবরোধ করে মহাসমাবেশ করার ঘোষণা দিয়েছে শিক্ষার্থীরা।

এর আগে গত সোমবার ও মঙ্গলবার একই দাবিতে তারা সড়ক অবরোধ করে। গতকালের অবরোধের কারণে নিউ মার্কেট মোড় হয়ে আজিমপুর, ঢাকা বিশ্ববিদ্যালয় ও মিরপুরের দিকে গুরুত্বপূর্ণ সড়কগুলোতে যান চলাচল বন্ধ থাকে। যানবাহনগুলো ভিন্ন পথে গন্তব্যে যাওয়ার চেষ্টা করে। এর প্রভাবে আশপাশের বিভিন্ন সড়কে তৈরি হয় যানজট।

এদিকে, কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ফাতিমা সুরাইয়াসহ সাত-আটজন শিক্ষক বেলা সাড়ে ১১টার দিকে নিউ মার্কেট মোড়ে এসে শিক্ষার্থীদের অবরোধ তুলে নেওয়ার আহ্বান জানান। কিন্তু আন্দোলনকারীরা তাতে সাড়া দেয়নি।

আন্দোলনের নামে জনদুর্ভোগ সৃষ্টির সমালোচনা করে অধ্যক্ষ ফাতিমা সুরাইয়া বলেন, এটা একটা বড় ধরনের সংস্কার। এটা রাতারাতি হওয়া সম্ভব না। এর খুঁটিনাটি বিষয়গুলো দেখতে কিছুটা সময় প্রয়োজন। কিন্তু ছাত্রীদের দেরি সহ্য হচ্ছে না এবং তাদেরকে জনদুর্ভোগ না করার জন্য বলা হলেও তারা তাই করছে। আমরা তাদের এই তথ্য দিয়েছি যে, বিষয়টির যৌক্তিকতা যাচাইয়ের জন্য করা কমিটির রিপোর্টটা হতে দু'চার দিন সময় লাগবে। কিন্তু তাদের দেরি সহ্য হচ্ছে না। এতে কর্তৃপক্ষ অত্যন্ত বিরক্ত বলেও তিনি উল্লেখ করেন।

আন্দোলনরত শিক্ষার্থীদের উদ্দেশ করে তিনি বলেন, জনদুর্ভোগ না করে তোমরা যৌক্তিকভাবে দাবি তুলে ধর। জনদুর্ভোগ তৈরি করা 'সন্ত্রাসীদের কাজ'।

অন্যদিকে, অবরোধের কারণে ওই রাস্তা দিয়ে জনসাধারণসহ ঢাকা বিশ্ববিদ্যালয় ও ইডেন কলেজের শিক্ষার্থীদের যাওয়া-আসাতে ভোগান্তি হচ্ছে।